

অথবা

৪. ‘নিশীথে’ গল্পের প্রায় সব ঘটনাই ঘটেছে সন্দের আলো আঁধারিতে বা রাত্রে। এইজন্যই কি গল্পের এই নামকরণ? আলোচনা করে তোমার মত জানাও। ১০

৫. ‘ভাবকে নিজের করিয়া সকলের করা ইহাই সাহিত্য’ – রবীন্দ্রনাথের এই ভাবনাটি বুঝিয়ে দিয়ে এ বিষয়ে তোমার বক্তব্য জানাও। ১০

অথবা

৬. রবীন্দ্রনাথের ‘মেঘদূত’ প্রবন্ধে বিরহকাতর যক্ষের নয়, দীর্ঘনিশ্বাস শোনা যায় লেখকের নিজের, এক প্রাচীন ভারতের জন্য – মন্তব্যটি বিচার করো। ১০

৭. ‘সৌন্দর্য আত্মার সহিত জড়ের মাঝখানকার সেতু।’ প্রসঙ্গ নির্দেশ করে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১০

অথবা

৮. ‘ডায়ারি একটা কৃত্রিম জীবন। কিন্তু যখনি উহাকে রচিত করিয়া তোলা যায়, তখনি ও আমাদের প্রকৃত জীবনের উপর কিয়ৎ পরিমাণে আধিপত্য না করিয়া ছাড়ে না।’ – রবীন্দ্রনাথের এরকম মন্তব্যের কারণ কী? তুমি কি এই মন্তব্যের সঙ্গে সহমত? যুক্তিসহ তোমার মতামত দাও। ১০

কলাস্নাতক অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(তৃতীয় বর্ষ, পঞ্চম সেমেস্টার)

বিভাগ সাম্মানিক বাংলা

রবীন্দ্রসাহিত্য, পর্ব - ২

কোর্স ইউ. জি. - ৫.২

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ‘চোখের বালি’ উপন্যাসের শুরুর দিকেই বিনোদিনীর শিক্ষার প্রসঙ্গ বেশ গুরুত্ব দিয়ে বলা হয়। উপন্যাস জুড়ে এর কি কোনও তাৎপর্য তুমি লক্ষ করো? ১০

অথবা

২. ‘যে শুভ সাহস নিয়ে রবীন্দ্রনাথ উপন্যাসটি আরম্ভ করেছিলেন, শেষমুহুর্তে তা তাঁকে ত্যাগ করেছিলো’ – ‘চোখের বালি’ উপন্যাস সম্পর্কে এই মন্তব্য তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য? ১০

৩. যদি বলা হয় গল্পের সূচনায় মধ্যাহ্নকালে নদীর ধারের ভাঙা মন্দিরে রাজীব ও মহামায়ার সাক্ষাৎদৃশ্যেই নির্ধারিত হয়ে গেছে তাদের সম্পর্কের ভবিষ্যৎ তাহলে কি তুমি তার সঙ্গে সহমত হবে? নাকি তুমি অন্য কোনওভাবে এই দৃশ্যটিকে পড়তে চাও? ১০